



ইসলামিক ফাউন্ডেশন
বায়তুল মোকাররম, ঢাকা-১০০০

\\প্রেস বিজ্ঞপ্তি\\

বুদ্ধি প্রতিবন্ধী শিশুদের ইসলামিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত চলছে ইফার উদ্যোগে ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে পঞ্চকালব্যাপী অনুষ্ঠানমালা

ঢাকা, মঙ্গলবার, ০৫ জানুয়ারি ২০১৬।

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন এবার ১৫ দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করেছে। এ অনুষ্ঠানমালার অংশ হিসেবে আজ (০৫ জানুয়ারি, মঙ্গলবার) সকালে ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম মিলনায়তনে বুদ্ধি প্রতিবন্ধী শিশুদের জন্য ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। সুইড বাংলাদেশের সহযোগিতায় এ অনুষ্ঠানে ফিরা'আত, আযান ও হামদ-না'ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এছাড়া বাদ মাগরিব ও বাদ এশা বায়তুল মোকাররম মসজিদের পূর্ব সাহানে পঞ্চকালব্যাপী ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হচ্ছে। আজ ওয়াজ পরিচালনা করবেন মাওলানা সৈয়দ ওয়াহিদুজ্জামান ও মুফতি মাওলানা বদিউল আলম সরকার।

এছাড়া পঞ্চকালব্যাপী রাসূলুল্লাহ (সা.)-এর শানে স্বরচিত কবিতা পাঠের আসর, বাংলাদেশ বেতারের সাথে যৌথ প্রযোজনায় সপ্তাহব্যাপী সেমিনার, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও সমমানের মাদরাসার শিক্ষার্থীদের মাঝে ইসলামি সাংস্কৃতিক প্রতিযোগিতা, ইসলামি ক্যালিগ্রাফি, মহানবী (সা.) জীবনীভিত্তিক পোস্টার ও গ্রন্থ প্রদর্শনী এবং মাসব্যাপী ইসলামি বইমেলা চলছে। গত ২৪ ডিসেম্বর দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ আয়োজিত এ অনুষ্ঠানমালার আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করা হয়। আগামী ০৭ জানুয়ারি বৃহস্পতিবার বাদ মাগরিব বায়তুল মোকাররম মসজিদের পূর্ব সাহানে সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস এর গভর্নর আল্লামা শায়খ খন্দকার গোলাম মাওলা নকশেবন্দী, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজালসহ বিভিন্ন আলেম ওলামাগণ উপস্থিত থাকবেন।

শায়লা শারমীন

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬